# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অংশে আজ সকালে ভূকম্পন অনুভূত হয়।

২) রাজ্যে সরকারি হাসপাতাল এবং মেডিকেল কলেজে ইন্টার্ন থেকে শুরু করে পোস্ট ডক্টরাল স্তর পর্যন্ত চিকিৎসকদের বেতন বৃদ্ধি করা হচ্ছে।

৩) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইনকান্ডে চিকিৎসকদের সাসপেনশন তুলে নিয়েছে স্বাস্থ্য দফতর।

৪) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তের গতিপ্রকৃতি নিয়ে শিয়ালদা আদালতে রিপোর্ট জমা দিয়েছে সিবিআই।

৫) পশ্চিম বর্ধমানের পানাগড়ে জাতীয় সড়কে গাড়ি উল্টে তরুনীর মৃত্যুর ঘটনায় ‘ইভটিজিং-এর অভিযোগ খারিজ করে দিয়েছে পুলিশ।

৬) নিউটাউনে নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনার ১৯ দিনের মাথায় পুলিশ আদালতে চার্জশিট জমা দিয়েছে।

ooooooooooooooooooooooooo

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অংশে আজ সকালে ভূকম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৫.১। কম্পন অনুভূত হয়েছে বাংলাদেশ ও ওড়িশাতেও। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, ভূমিকম্পের উৎসস্থল ছিল বঙ্গোপসাগরের ৯১ কিলোমিটার গভীরে।

ooooooooooooooooooooooooo

রাজ্যে সরকারি হাসপাতাল এবং মেডিকেল কলেজে ইন্টার্ন থেকে শুরু করে পোস্ট ডক্টরাল স্তর পর্যন্ত চিকিৎসকদের বেতন বৃদ্ধির কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে গতকাল স্টেট লেভেল গ্রীভান্স রিড্রেসাল কমিটি আয়োজিত চিকিৎসার আরেক নাম সেবা শীর্ষক এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, ইন্টার্ন, হাউসস্টাফ, পিজিটি, পিডিটি-দের বেতন ১০ হাজার টাকা করে এবং সিনিয়র রেসিডেন্টদের বেতন ১৫ হাজার ও ২৫ হাজার টাকা করে বৃদ্ধি করা হচ্ছে। পাশাপাশি সরকারি হাসপাতালে কর্মরত চিকিৎসকদের নূন্যতম ৮ ঘণ্টা করে পরিষেবা দেওয়ারও আবেদন জানান তিনি। জুনিয়ার চিকিৎসকদের ওপর সিনিয়াররা যেন সমস্ত দায়িত্ব ছেড়ে না দেন, সে ব্যাপারেও মুখ্যমন্ত্রী তাদের অনুরোধ জানান।

একইসঙ্গে চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসের এলাকা হাসপাতালের কুড়ি কিলোমিটার থেকে বাড়িয়ে তিরিশ কিলোমিটার করার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইনকান্ডে সাসপেন্ড হওয়া চিকিৎসকদের কাজে ফেরানোরও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এরপরই স্বাস্থ্য ভবনের তরফে ৭ জন পোস্ট গ্র্যাজুয়েট ট্রেনির সাসপেনশন তুলে নিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

একইসঙ্গে হাসপাতালগুলিতে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এবং কলকাতার নগরপাল মনোজ ভার্মাকে পুলিশি

টহল বাড়ানো এবং সিভিক পুলিশকে প্রশিক্ষণ দিয়ে হোমগার্ড হিসাবে নিয়োগ করতেও বলেন তিনি।

ঐ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আর জি কর মেডিকেল কলেজে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় জড়িতদের কঠোর শাস্তির দাবি জানান। এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে রাজ্যের আনা অপরাজিতা বিল আটকে রাখা হয়েছে বলে তাঁর অভিযোগ।

(বাইট – বিল)

জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ওয়েস্টবেঙ্গল মুখ্যমন্ত্রীর এই বেতন বৃদ্ধির ঘোষণাকে স্বাগত জানালেও দুর্নীতি এবং হুমকি সংস্কৃতির বিরুদ্ধে মুখ্যমন্ত্রী কোন কথা বলেননি বলে অভিযোগ করেছে। চিকিৎসক পুন্যব্রত গুণ বলেছেন, যেসব দাবি নিয়ে চিকিৎসকরা আন্দোলন করছেন, তা সমাধানের কোন কথাই মুখ্যমন্ত্রী বলেননি।

(বাইট – ডঃ পুন্যব্রত)

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র মেডিকেল ইউনিটের আহ্বায়ক ডাক্তার সামস্ মুশাফির বলেছেন, মুখ্যমন্ত্রীর বক্তব্য বিভ্রান্তিকর ও নিন্দনীয়। চিকিৎসকদের উৎকোচ দিয়ে তাদের মুখ বন্ধ রাখতে চাইছেন তিনি।

কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, ভয়-ভীতি প্রদর্শনের পর এই অনুদান দেওয়া মুখ্যমন্ত্রীর রাজনৈতিক কৌশল।

(বাইট – অধীর)

এস ইউ সি আই-কমিউনিস্টের রাজ্য  সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেছেন, ডাক্তারদের বেতন বাড়িয়ে মূল সমস্যা থেকে দৃষ্টি ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তের গতিপ্রকৃতি নিয়ে নির্যাতিতার বাবা-মার অসন্তোষের প্রেক্ষিতে  শিয়ালদা আদালতের নির্দেশে  তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দিয়েছে সিবিআই। খুব দ্রুত এই মামলার অতিরিক্ত চার্জশিট আদালতে জমা দেবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। গতকাল শুনানির সময় উপস্থিত নির্যাতিতার বাবা মা অভিযোগ করেন, ৭ মাস ধরে তদন্ত চললেও সিবিআই তাঁদের কিছুই জানাচ্ছে না। যদিও সিবিআই এর দাবি, নির্যাতিতার পরিবারকে তদন্তের বিষয়ে অন্ধকারে রাখা হয়নি।  টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলের সিম কার্ড তারা এখনই ফেরত দেবে না বলে রিপোর্টে স্পষ্ট জানিয়েছে সিবিআই। সিম কার্ড ফেরত চেয়ে তাঁর পরিবারের আবেদনের  প্রেক্ষিতে সিবিআই জানায়, তদন্তের জন্য ওই সিম কার্ড গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, এই ঘটনায় তথ্যপ্রমাণ লোপাটের অভিযোগে আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মন্ডলকে গ্রেপ্তার কর হয়। ৯০ দিনের মধ্যে সিবিআই চার্জশিট না দেওয়ায় জামিন হয় তাঁদের।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, অভয়ার বাবা-মা-র ক্রমাগত অবস্থান বদল বিভ্রান্তি সৃষ্টি করেছে।

(বাইট – কুনাল)

এদিকে, আর জি কর কাণ্ডে ন্যায়বিচারের দাবিতে সিবিআই অধিকর্তা  প্রবীণ সুদের সঙ্গে সাক্ষাৎ করতে চেয়ে মেইল করেছেন নির্যাতিতার বাবা মা। আগামী বৃহস্পতিবার তাঁরা দিল্লি যাচ্ছেন বলে সাংবাদিকদের জানিয়েছেন।

OOOOOOOOOOOOOOOOOOOOOOOOO

পশ্চিম বর্ধমানের পানাগড়ে জাতীয় সড়কে গাড়ি উল্টে তরুনীর মৃত্যুর ঘটনায় ‘ইভটিজিং-এর অভিযোগ খারিজ করে দিয়েছে পুলিশ। গতকাল দিনভর এই অভিযোগকে কেন্দ্র করে চাপানউতরের পর সন্ধ্যায় আসানসোল-দুর্গাপুরের পুলিশ

কমিশনার সুনীল কুমার চৌধুরী সাংবাদিক সম্মেলনে জানান, দুটি গাড়ির রেষারেষির জেরেই এই দুর্ঘটনা। অকুস্থলের আশপাশের কয়েকটি সিসিটিভি ফুটেজে তরুণীর গাড়িকেই অন্য গাড়িটিকে ধাওয়া করতে দেখা গেছে বলে তাঁর দাবি।

(বাইট-পুলিশ)

এদিকে, ময়নাতদন্তের পর গত সন্ধ্যায় মৃতার পরিবার দেহ নিয়ে কাঁকসা থানায় বিক্ষোভ দেখায়। মৃতার মা তনুশ্রী চট্টোপাধ্যায়ের অভিযোগ, প্রকৃত ঘটনা ধামা চাপা দিতে তৎপর পুলিশ প্রশাসন।

উল্লেখ্য, চন্দননগরের বাসিন্দা বছর ২৭-এর সুতন্দ্রা চট্টোপাধ্যায় ইভেন্ট ম্যানেজমেন্টের কাজে গত রবিবার রাতে বিহারের গয়ায় যাচ্ছিলেন। পানাগড়ের উপর দিয়ে যাওয়ার সময় জাতীয় সড়কের পাশে কাঁকসা থানা এলাকার একটি রাস্তায় কয়েক জন মত্ত যুবক গাড়ি নিয়ে ঐ তরুণীর গাড়ির পিছু নেন বলে অভিযোগ ওঠে। তরুণীর গাড়িতে বার বার ধাক্কা দেন তাঁরা। 'ইভটিজ়ার'দের হাত থেকে বাঁচতেই দ্রুত গতিতে চালাতে গিয়ে তরুণীর গাড়ি উল্টে যায় বলে চালক ও সহকর্মীদের দাবি। ঘটনাস্থলেই মৃত্যু হয় সুতন্দ্রার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিউটাউনে নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনার ১৯ দিনের মাথায় আদালতে চার্জশিট জমা দিয়েছে পুলিশ। উত্তর ২৪ পরগণার বারাসাত আদালতে গতকাল জমা পড়া ৯ পাতার ওই চার্জশিটে মূল অভিযুক্ত হিসেবে ধৃত টোটো চালক সৌমিত্র রায়ের নাম রয়েছে।

পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় ৬০ জন সাক্ষীর বয়ান নেওয়া হয়েছে। খতিয়ে দেখা হয়েছে ফরেন্সিক, আইন মোতাবেক শারীরিক পরীক্ষা, ডিজিটাল এবং 'জিও-লোকেশন'ভিত্তিক নথি।

উল্লেখ্য, গত ৭ ফেব্রুয়ারি নিউ টাউনের লোহার ব্রিজের কাছে জঙ্গল এলাকা থেকে উদ্ধার হয় ওই কিশোরীর দেহ। অকুস্থলের আশপাশের এলাকার সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখে দু'দিন পর ৯ ফেব্রুয়ারি গ্রেফতার করা হয় ওই টোটোচালককে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেশন দুর্নীতি মামলায় জামিনে মুক্তি পাওয়ার পর ফের 'জ়েড' ক্যাটেগরির নিরাপত্তা পেতে চলেছেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। বর্তমান পরিস্থিতি বিচার করেই এই সিদ্ধান্ত।

উল্লেখ্য রেশন দুর্নীতি মামলায় ২০২৩ সালের ২৭শে অক্টোবর তাঁকে গ্রেফতার করা হয়েছিল। প্রায় ১৪ মাস পরে গত ১৫ জানুয়ারি তিনি জামিন পান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়ার্ল্ড অডিও-ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট-ওয়েভস, চলচ্চিত্রের পোস্টার তৈরি প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে ডিজিটাল এবং হাতে আঁকা শিল্প প্রদর্শনের একটি অনন্য সুযোগ প্রদান করছে। এই প্রতিযোগিতার জন্য ইতোমধ্যে ২৯৬ জন নাম নথিভুক্ত করেছেন। ৫ মার্চ পর্যন্ত নাম নথিভুক্ত করা যাবে।

ডিজিটাল ও হাতে আঁকা পোস্টার- এই দুই বিভাগে প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। নির্বাচিত ২০টি ডিজিটাল পোস্টার ওয়েভস সামিটে প্রদর্শিত হবে। এর মধ্যে সেরা ৩ জন পাবেন নগদ পুরস্কার ও ডিজিটাল সার্টিফিকেট।

এদিকে, নির্বাচিত ২৫ জন শিল্পী লাইভ ইভেন্টে প্রতিদ্বন্দ্বিতা করবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে তাঁদের হাতে আঁকা পোস্টার তৈরি করতে হবে। এর মধ্যে থেকে বেছে নেওয়া হবে সেরা তিনজনকে। প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৩০ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার ১০ হাজার টাকা দেওয়া হবে। এছাড়াও, বাকি অংশগ্রহণকারীরা নগদ পুরষ্কারের পাশাপাশি দেওয়া হবে ডিজিটাল সার্টিফিকেট।

কমিক ক্রনিকলস চ্যালেঞ্জের আওতায় ড্যাশটুন মোবাইল অ্যাপে এআই ভিত্তিক কমিকস তৈরি ও উপস্থাপনের জন্য ওয়েভস সকলের প্রতি আহ্বান জানাচ্ছে। ওয়েভস কমিক ক্রনিকলস, ডিজিটাল মিডিয়া, উদ্ভাবন, সোশ্যাল মিডিয়া এবং ডিজিটাল বিপণনের ক্রমবর্ধমান প্রভাবকে তুলে ধরতেই এই উদ্যোগ। এর জন্য ১৫ই মার্চ পর্যন্ত রেজিস্ট্রেশন করা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সর্বত্র আগামী কয়েকদিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। কমতে পারে তাপমাত্রাও। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

উত্তরবঙ্গে মূলত শুকনো আবহাওয়া থাকলেও দার্জিলিং এবং কালিম্পঙের পার্বত্য এলাকায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে। দার্জিলিঙের কোথাও কোথাও তুষারপাতের সম্ভাবনাও রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের বিভিন্ন এলাকায় দুদিনের ঝড় বৃষ্টিতে লক্ষাধিক হেক্টর জমির গম চাষ, নষ্টের মুখে। বিঘার পর বিঘা মরসুমি সব্জী ও কলা চাষেও ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছেন কৃষকেরা। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি - মামুন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০